ক্যাবল ঃ নাবিক

দূরালাপনী ঃ ৯৬৩৪৬২৫-৯৬৩৪০২১

বিআইডব্লিউটিসি
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন
অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান, নৌপরিবহন মন্ত্রণালয়
২৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা-১০০০।
www.biwtc.gov.bd

বিআইডব্লিউটিসির নতুন চেয়ারম্যান
সৈয়দ মোঃ তাজুল ইসলাম

জনসংযোগ বিভাগ
১৩ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব সৈয়দ মোঃ তাজুল ইসলাম গত ০৭ ডিসেম্বর ২০২০ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি) এর চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। বিআইডব্লিউটিসির কর্মকর্তা কর্মচারি ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ নতুন চেয়ারম্যানকে অভিনন্দন জানান।

সৈয়দ মোঃ তাজুল ইসলাম ১৯৯১ সালে ১০ম বিসিএস (সচিবালয়) ক্যাডারে পরিকল্পনা মন্ত্রণালয়ে সহকারী সচিব হিসেবে যোগদান করেন। পরবর্তীতে সচিবালয় ক্যাডার প্রশাসন ক্যাডারের সাথে একীভূত হওয়ার পর সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে জেলা প্রশাসক কার্যালয় রাঙ্গামাটি এবং রাঙ্গামাটি সদর ও মহেশখালীতে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে দায়িত্ব পালন করেন। মাঠ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে যথাক্রমে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলা ও নীলফামারীতে জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত ছিলেন। ডেপুটেশনে এনবিআর এ দ্বিতীয় সচিব, বিআরটিএতে উপ-পরিচালক (অর্থ) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সিনিয়র সহকারী সচিব হিসেবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন এবং মন্ত্রণালয়ে কর্মরত থাকাকালীন উপসচিব হিসেবে পদোন্নতি পান। পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ে যোগদানের পর যুগ্মসচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। একই মন্ত্রণালয় থেকে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) হিসেবে পানি উন্নয়ন বোর্ডে দু'বছর কর্মরত ছিলেন। পানি সম্পদ মন্ত্রণালয় থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের পরিচালক (শিশু ও কল্যাণ ট্রাস্ট) এর দায়িত্বে ছিলেন। পরিচালক শিশু ও কল্যাণ ট্রাস্টে থাকাকালীন তিনি সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত ডিউক ইউনিভার্সিটি হতে স্ট্যাংদিনিং অফ বিসিএস ক্যাডার বিষয়ক কোর্স সম্পন্ন করেন। তাছাড়া তিনি যুক্তরাজ্যের ব্যাডফোর্ড বিশ্ববিদ্যালয়ে সুপার ম্যাটে দেড়মাস ব্যাপী কোর্সে অংশগ্রহণ করেন। ২০১৯ সালে পরিচালক (প্রশাসন) হিসেবে বিআইডব্লিউটিসিতে দুবছর দায়িত্ব পালন করেন এবং সরকার গত ০৭ ডিসেম্বর ২০২০ তাঁকে বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করেন।

সৈয়দ মোঃ তাজুল ইসলাম ১৯৬৩ সালের ৩১শে ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার ৪নং বারপাড়া ইউনিয়নের লোলবাড়ীয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি স্কুল ও কলেজ থেকে কুমিল্লা শিক্ষা বোর্ডে বাণিজ্য বিভাগে যথাক্রমে ১৩ ও ১২তম স্থান লাভ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে হিসাব বিজ্ঞান বিভাগে পড়াশুনা করে তিনি বি, কম (অনার্স) ও এম, কম ডিগ্রী লাভ করেন।

তিনি থাইল্যান্ড, মালয়েশিয়া, বেলারুশ, হংকং, ন্যাদারল্যান্ড, বেলজিয়াম, সুইজারল্যান্ড, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্যসহ ইউরোপ ও এশিয়ার প্রায় ত্রিশটির মতো দেশ সফর করেন। **(প্রেস বিজ্ঞপ্তি)**

১৩.১২.২০২০
(মোহাম্মদ নজরুল ইসলাম মিশা)
জনসংযোগ কর্মকর্তা
বিআইডব্লিউটিসি
ফোন-৯৫৬৯১৬০,০১৫৫২৩৮২৫১২
pro@biwtc.gov.bd